শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং- ২২.০২.০০০০.০৩৩.০৫৪.২২.২১-৫২

তারিখ ঃ ২৩/০৫/১৪২৮ বঙ্গাব্দ।
০৭/০৯/২০২১ খ্রিষ্টাব্দ।

## গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল উদ্যোক্তাগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে, বিনিয়োগ বিকাশ বর্তমান সরকারের একটি বিশেষ উদ্যোগ যা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন বোর্ড (বিডা) সহ বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা কর্তৃক কার্যকর বিনিয়োগ সেবা প্রদানের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। বিনিয়োগ সংশ্লিষ্ট প্রাসঙ্গিক সরকারি পরিষেবাগুলো হয়রানিমুক্ত, দ্রুত এবং ব্যয়-সাশ্রয়ী করে একক বাতায়ন থেকে ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) হিসেবে বিনিয়োগ সম্পর্কিত পরিষেবা প্রদানের উদ্দেশ্যে সরকার "ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮" এবং "ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ) বিধিমালা, ২০২০ প্রণয়ন ও কার্যকর করেছে। এই আইনে বলা হয়েছে যে, সকল পরিষেবা একটি কেন্দ্রীয় ওয়ান স্টপ সার্ভিস কর্তৃপক্ষ থেকে সরবরাহ করা হবে।

এ লক্ষ্যে, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র অনলাইন ওএসএস সিস্টেমের সঙ্গে পরিবেশ অধিদপ্তরের অনলাইন সিস্টেমকে সংযুক্ত করা হয়েছে। বর্তমানে ওএসএস সিস্টেমের মাধ্যমে পরিবেশ অধিদপ্তর নিম্নোক্ত সেবাসমূহ প্রদান করছে :

১. অবস্থানগত ছাড়পত্র প্রদান;
২. অবস্থানগত ছাড়পত্র নবায়ন;
৩. পরিবেশগত ছাড়পত্র প্রদান;
৪. পরিবেশগত ছাড়পত্র নবায়ন;
৫. ইআইএ অনুমোদন;
৬. প্রয়োজনীয় অন্যান্য পরিষেবা।

সেবাসমূহ (বিডা)'র ওএসএস পোর্টালের মাধ্যমে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

(মোঃ আশরাফ উদ্দিন)
মহাপরিচালক